

নবম অধ্যায়: ঐতিহ্য ও সংস্কৃতি: পূজা-পার্বণ ও ধর্মক্ষেত্র

প্রশ্ন-১. নীলয় কান্তজি মন্দিরে বেড়াতে গেল। মন্দিরটির গায়ে সে কী কী দেখতে পাবে?

উত্তর: নীলয় মন্দিরটির গায়ে রামায়ন, মহাভারতের কাহিনী, বিবাহ, যুদ্ধযাত্রা, নৌবিহার প্রভৃতি দেখতে পাবে।

প্রশ্ন-২. বিধানের গ্রামবাসী সবাই সবার গায়ে রং ছিটিয়ে আনন্দ উৎসব করছে। বিধানের গ্রামবাসী কোন উৎসবটি পালন করছে?

উত্তর: বিধানের গ্রামবাসী দোলযাত্রা ধর্মীয় উৎসবটি পালন করছে।

প্রশ্ন-৩. দু'জন বন্ধু নিয়ে তুমি গাজনের মেলায় বেড়াতে গেলে। উক্ত উৎসবটি কার সঙ্গে জড়িত?

উত্তর: চৈত্রসংক্রান্তির সাথে জড়িত উৎসব হলো গাজনের মেলা।

প্রশ্ন-৪. সুদেব একটি অনুষ্ঠানে প্রয়াত পূর্ব-পুরুষদের স্মরণ করে এবং তাদের প্রতি শ্রদ্ধা জানায়। এটি কোন অনুষ্ঠান?

উত্তর: এটি মহালয়া।

প্রশ্ন-৫. বাংলা বছরের শেষ দিনে তোমার মা একটি উৎসবের আয়োজন করল। এটি কী নামে পরিচিত?

উত্তর: চৈত্র সংক্রান্তি নামে পরিচিত।

প্রশ্ন-৬. 'অপরপক্ষ' বলতে কোন পক্ষটিকে বোঝানো হয়েছে?

[প্রা.শি.স.প. ২০১৬, ২০১৫]

উত্তর: 'অপরপক্ষ' বলতে শুরূপক্ষের ঠিক আগের কৃষ্ণপক্ষটিকে বোঝানো হয়েছে।

প্রশ্ন-৭. ঋষি-কবির কীসের ধারণা দিয়েছেন? [প্রা.শি.স.প.-২০১৫]

উত্তর: ঋষি-কবির দেব-দেবীর রূপের ধারণা দিয়েছেন।

প্রশ্ন-৮. অমাবস্যা তিথিতে মহালয়া এসে কী ঘোষণা দিয়ে যায়?

উত্তর: মা দুর্গা আসছেন।

প্রশ্ন-৯. দোলযাত্রায় কাদের কুমকুমে রাঙানো হয়? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: দোলযাত্রায় শুরূ পূর্ণিমাতে রাধাকৃষ্ণের প্রতিমা দোলায় রেখে আবির্ভাব কুমকুমে রাঙানো হয়।

প্রশ্ন-১০. দোলযাত্রা উৎসবে যে ঘর পোড়ানো হয় তার নাম কী?

[প্রা.শি.স.প. ২০১৩]

উত্তর: দোলযাত্রা উৎসবে যে ঘর পোড়ানো হয় তার নাম 'বুড়ির ঘর'।

প্রশ্ন-১১. মহালয়ার মূল উদ্দেশ্য কী?

উত্তর: স্কৃতজ্ঞ চিত্তে পূর্বপুরুষদের স্মরণ এবং দেবী দুর্গার আগমনী ঘোষণা মহালয়ার মূল উদ্দেশ্য।